বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

জনসংযোগ অধিশাখা

স্মারক নং-১৭.০০.০০০০.০৪০.৩৬.০০১.২৫-১৬১

তারিখ : ২৯ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ
১৪ অক্টোবর, ২০২৫ খ্রিস্টাব্দ

**সংবাদ বিজ্ঞপ্তি**

বিষয় : ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে নির্বাচন কমিশনের চলমান কার্যক্রমের অগ্রগতি।

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে নির্বাচন কার্যক্রমের বিভিন্ন বিষয়/অগ্রগতি নিয়ে জনাব আখতার আহমেদ (সিনিয়র সচিব) সোমবার ১৪ অক্টোবর ২০২৫ দুপুরে নির্বাচন ভবনে সাংবাদিকদের ব্রিফ করেন।

ব্রিফিং এ তিনি রাজনৈতিক দল ও নির্বাচন পর্যবেক্ষক সংস্থার নিবন্ধন প্রদান, প্রবাসী বাংলাদেশি ভোটারদের আসন্ন নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ, জাতীয় নাগরিক পার্টির শাপলা প্রতীক প্রাপ্তির দাবী ইত্যাদি বিষয়ে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন।

সিনিয়র সচিব বলেন, প্রবাসী বাংলাদেশিদের ভোটদানের জন্য বর্তমানে ১১টি দেশে ভোটার নিবন্ধন রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান আছে। আরও ৮টি দেশে শীঘ্রই ভোটার নিবন্ধন কার্যক্রম শুরু হবে।

পর্যবেক্ষক সংস্থা নিবন্ধনের বিষয়ে তিনি বলেন, পর্যবেক্ষণ নীতিমালা মেনে এবং নির্বাচন কমিশন কর্তৃক প্রণীত নীতিমালা অনুযায়ী আবেদনসমূহ যাচাই-বাছাই করে দাবী-আপত্তি গ্রহণের জন্য প্রাথমিকভাবে নিবন্ধনযোগ্যদের তালিকা প্রকাশ করা হয়েছে। আগামী ২০ অক্টোবর ২০২৫ পর্যন্ত প্রাথমিকভাবে নিবন্ধনযোগ্যদের বিষয়ে কারও কোন দাবি আপত্তি আছে কিনা তা জানতে চেয়ে গণবিজ্ঞপ্তি জারি করা হয়েছে। ২০ অক্টোবরের পরে নির্বাচন পর্যবেক্ষণ নীতিমালা অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

তিনি আরো বলেন, বিভিন্ন অংশীজনের সাথে সংলাপ চলমান আছে। আগামী ২০ অক্টোবর ২০২৫ ভোটকেন্দ্র ও নির্বাচনি এলাকার আইনশৃঙ্খলা রক্ষা এবং প্রাসঙ্গিক বিষয়ে সংশ্লিষ্টদের সাথে মতবিনিময় ও প্রাক প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হবে।

শাপলা প্রতীক প্রাপ্তির জন্যে এনসিপির দাবীর বিষয়ে তিনি বলেন, নির্বাচন কমিশন রাজনৈতিক দলগুলোর জন্য তফসিলভুক্ত প্রতীকের বাইরে অন্যকোন প্রতীক কোন দলকে বরাদ্দ দেয়ার সুযোগ নেই। এনসিপিকে আগামী ১৯ অক্টোরব ২০২৫ তারিখের মধ্যে বরাদ্দযোগ্য প্রতীক হতে একটি নির্ধারণ করে তা ইসিকে জানাতে পত্র দেয়া হয়েছে। এ সময়ের মধ্যে এনসিপি থেকে কোন প্রস্তাব না পাওয়া গেলে নির্বাচন কমিশন বিধি মোতাবেক প্রতীকের বিষয়ে সিদ্ধান্ত নিবেন মর্মে অবহিত করেন।

১৪.১০.২৫

(মোঃ রুহুল আমিন মল্লিক)
পরিচালক (জনসংযোগ)
ফোনঃ ৫৫০০৭৫২০

বিতরণ (জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয় (ওয়েবসাইট, ইউটিউব, ফেসবুক পেজ ইত্যাদি সামাজি যোগাযোগ মাধ্যমে প্রকাশ করার অনুরোধসহ)।
২। বার্তা প্রধান/ সিএনই ............................টেলিভিশন।
৩। সম্পাদক/ বার্তা সম্পাদক ..................... পত্রিকা।
৪। সভাপতি/ সম্পাদক, RFED।